তারিখ ... 22 JUL 2016 ...
পৃষ্ঠা ...2... কলাম 4 ...

কালের কণ্ঠ

জঙ্গিবাদবিরোধী সমাবেশ

# শিক্ষার্থীদের হতাশ না হওয়ার আহ্বান জাফর ইকবালের

**সিলেট অফিস ▷**

দেশে চলমান সন্ত্রাস ও জঙ্গিবাদ নিয়ে শিক্ষার্থীদের হতাশ না হওয়ার আহ্বান জানিয়েছেন অধ্যাপক ড. মুহম্মদ জাফর ইকবাল।



গতকাল বৃহস্পতিবার শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে সন্ত্রাস ও জঙ্গিবাদবিরোধী এক সমাবেশে তিনি এ আহ্বান জানান। শাহজালাল বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি এ কর্মসূচির আয়োজন করে।

সমাবেশে জাফর ইকবাল বলেন, 'বাংলাদেশের মানুষ অত্যন্ত শান্তিপ্রিয়। যারা সন্ত্রাসী কর্মকাণ্ড চালাচ্ছে, তারা নিজেরাও জানে, কিছুই করতে পারবে না। তারা শুধু বিশ্বের দরবারে বাংলাদেশের সম্মান নষ্ট করতে পারবে।' তিনি বাংলাদেশের ভবিষ্যৎ নিয়ে হতাশ না হওয়ার জন্য শিক্ষার্থীদের আহ্বান জানান।

কেন্দ্রীয় গ্রন্থাগার ভবনের সামনের ওই সমাবেশে শিক্ষকদের পাশাপাশি শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীরা অংশ নেন। সমাবেশের শুরুতে জঙ্গি হামলায় নিহতদের স্মরণে এক মিনিট নীরবতা পালন করা হয়। এ ছাড়া সমাবেশের আগে একটি শোভাযাত্রা করেন শিক্ষক-শিক্ষার্থী ও কর্মকর্তা-কর্মচারীরা।

**সিকৃবিতে মানববন্ধন :** এদিকে গতকাল সকালে সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়ে (সিকৃবি) জঙ্গিবাদবিরোধী মানববন্ধন হয়েছে। মানববন্ধনে প্রধান অতিথি ছিলেন উপাচার্য ড. মো. গোলাম শাহি আলম। সভাপতিত্ব করেন শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. মোহাম্মদ নুর হোসেন মিঞা।